# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৭৩৩

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ৬. প্রথম অনুচ্ছেদ - হাঁচি দেয়া এবং হাই তোলা

بَابُ الْعُطَاسِ وَالتَّثَاؤُبِ

## আরবী

وَعَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسلم: إِذا عطس أحدُكم فلْيقل: الحمدُ لِلَّهِ وَلْيَقُلْ لَهُ أَخُوهُ ـ أَوْ صَاحِبُهُ ـ يَرْحَمُكَ اللَّهُ. فإِذا قَالَ لَهُ يَرْحَمك الله فليقل: يهديكم الله وَيصلح بالكم رَوَاهُ الْبُخَارِيّ

## বাংলা

৪৭৩৩-[২] উক্ত রাবী [আবূ হুরায়রা (রাঃ)] হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যখন তোমাদের কারো হাঁচি আসে, তখন সে যেন ’’আলহামদুলিল্লা-হ’’ বলে এবং তার কোন মুসলিম ভাই অথবা বন্ধু তার উত্তরে ’’ইয়ারহামুকাল্ল-হ’’ বলে। আর যখন হাঁচিদাতার উত্তরে শ্রোতা ব্যক্তি ’’ইয়ারহামুকাল্ল-হ’’ বলে, তখন হাঁচিদাতা ঐ ব্যক্তির উত্তরের উত্তরে ’’ইয়াহদীকুমুল্ল-হু ওয়া ইউসলিহু বা-লাকুম’’ অর্থাৎ- ’’আল্লাহ তা’আলা তোমাদেরকে সঠিক পথে পরিচালিত করুন এবং তোমাদের আধ্যাত্মিক অবস্থা কল্যাণময় করুন’’ বলবে। (বুখারী)[1]

## ফুটনোট

[1] সহীহ : বুখারী ৬২২৪, আবূ দাঊদ ৫০৩৩, তিরমিযী ২৭৩৯, দারিমী ২৬৫৯, ‘নাসায়ী’র কুবরা ১০০৪১, সহীহ ইবনু খুযায়মাহ্ ১১৫২, আল আদাবুল মুফরাদ ৯২৭, আল মু‘জামুল আওসাত্ব ৫৫২০, আল মু‘জামুল কাবীর লিত্ব ত্বাবারানী ৩৩৬৩, হিলইয়াতুল আওলিয়া ৭/১৬৩, মুসনাদে আহমাদ ৯৭২, মুসান্নাফ ইবনু আবূ শায়বাহ্ ১১১, ইরওয়াউল গালীল ৩/২৪৪ পৃঃ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=75457

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন